# “বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার” নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা, ২০২৪

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২৪-৩৮

তারিখ: ২১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ০৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

# "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা, ২০২৪

**ভূমিকা:**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর শিক্ষা ও গবেষণা ভাবনায় পরবর্তী প্রজন্মকে উজ্জীবিত করার জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে দেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (মাস্টার্স) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান করার নিমিত্ত একটি নির্দেশিকার (guideline) প্রয়োজন হওয়ায় এ নির্দেশিকা ২০২৪ প্রণয়ন করা হলো।

**২। শিরোনাম:** এটি "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা, ২০২৪" নামে অভিহিত হবে।

**৩। প্রয়োগ ও প্রবর্তন: এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।**

**৪। উদ্দেশ্য:**

(১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর শিক্ষা ও গবেষণা ভাবনায় পরবর্তী প্রজন্মকে উজ্জীবিত করা;
(২) অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান; এবং
(৩) "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের অর্জিত ফলাফল ও অভিজ্ঞতা পরবর্তী পর্যায়ে কীভাবে আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োগ হচ্ছে তা ফলোআপ করা।

**৫। সংজ্ঞা:**

(১) "মন্ত্রণালয়" বলতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে বুঝাবে;
(২) "ট্রাস্ট" বলতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টকে বুঝাবে;
(৩) "শিক্ষার্থী" বলতে দেশের অভ্যন্তরে সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (মাস্টার্স) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীকে বুঝাবে;
(৪) "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" বলতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীকে বুঝাবে;
(৫) "কমিটি"বলতে- (ক) প্রাক-বাছাই কমিটি, (খ) 'বাছাই কমিটি' এবং (গ) 'অ্যাওয়ার্ড কমিটি'কে বুঝাবে;
(৬) "নিয়মিত শিক্ষার্থী" বলতে স্নাতক চূড়ান্ত পরীক্ষা পাশের অব্যবহিত পর স্নাতকোত্তর (মাস্টার্স) শ্রেণিতে ভর্তি হয়ে নিরবচ্ছিন্নভাবে শিক্ষা গ্রহণরত থাকা শিক্ষার্থীকে বুঝাবে। তবে চিকিৎসা বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি অধিক্ষেত্রের শিক্ষার্থীর ক্ষেত্রে স্নাতক চূড়ান্ত পরীক্ষা পাশের অব্যবহিত পর স্নাতকোত্তর (মাস্টার্স) শ্রেণিতে ভর্তি হওয়ার শর্তটি সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর পর্যন্ত শিথিল যোগ্য। এক্ষেত্রে চিকিৎসা বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি অধিক্ষেত্রের আবেদনকারী শিক্ষার্থী স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি হওয়ার পর শিক্ষা কার্যক্রমে নিরবচ্ছিন্নভাবে থাকাকে বুঝাবে; এবং
(৭) "স্নাতকোত্তর পর্যায়" বলতে মাস্টার্স বা সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে বুঝাবে।

**৬। অ্যাওয়ার্ডের অধিক্ষেত্র: বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার অ্যাওয়ার্ড প্রদানের জন্য নিম্নরূপ ১৬ টি অধিক্ষেত্র নির্ধারণ করা হলো (বিষয়ভিত্তিক ম্যাপিং সংযোজনী-১):**

(১) সামাজিক বিজ্ঞান (Social Science);
(২) কলা ও মানবিক (Arts & Humanities);
(৩) ব্যবসায় শিক্ষা (Business Studies);
(৪) আইন (Law);
(৫) ভৌত বিজ্ঞান (Physical Science);
(৬) গাণিতিক বিজ্ঞান (Mathematical Science);
(৭) জীব বিজ্ঞান (Biological Science);
(৮) কৃষি বিজ্ঞান (Agricultural Science);
(৯) সমুদ্র বিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরমাণু বিজ্ঞান (Marine Science/Environmental Science/ Nuclear science);
(১০) ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology);

(১১) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (Textile Engineering);
(১২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি (Information and Communication Technology /Emerging Technology);
(১৩) শিক্ষা ও উন্নয়ন (Education & Development);
(১৪) চিকিৎসা বিজ্ঞান (Medical science);
(১৫) চারু ও কারু (Fine Arts); এবং
(১৬) ধর্মীয় শিক্ষা (Religious Studies)।

**৭। অ্যাওয়ার্ডের সংখ্যা:**

সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক, ব্যবসায় শিক্ষা, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, চিকিৎসা বিজ্ঞান এবং কৃষি বিজ্ঞান এ ০৬ (ছয়) টি অধিক্ষেত্রের প্রতিটিতে ০২ (দুই) জন করে ১২ (বারো) জন এবং আইন, ভৌত বিজ্ঞান, গাণিতিক বিজ্ঞান, জীব বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরমাণু বিজ্ঞান, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি, শিক্ষা ও উন্নয়ন, চারু ও কারু, ধর্মীয় শিক্ষা এ ১০ (দশ) টি অধিক্ষেত্রের প্রতিটিতে ০১ (এক) জন করে ১০ (দশ) জনসহ সর্বমোট ২২ (বাইশ) জন শিক্ষার্থীকে চূড়ান্তভাবে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" হিসেবে নির্বাচন এবং অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

**৮। অ্যাওয়ার্ডের ধরণ:**

অ্যাওয়ার্ডের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রত্যেক শিক্ষার্থীকে ১টি সার্টিফিকেট, ১টি ক্রেস্ট ও এককালীন (০৩) তিন লক্ষ টাকার একাউন্ট পে-চেক প্রদান করা হবে।

**৯। আবেদনের যোগ্যতা:**

(১) স্নাতক/সমমান পর্যায়ে উত্তীর্ণসহ স্নাতকোত্তর শিক্ষায় দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" অ্যাওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন;
(২) দেশের স্বীকৃত শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত সার্টিফিকেট/ডিগ্রীর মধ্যে ৩টিতেই প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে অথবা এসএসসি ও এইচএসসি-তে জিপিএ/সিজিপিএ ৫.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) এবং স্নাতকে জিপিএ/সিজিপিএ ন্যূনতম ৩.৭০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে;
(৩) কলা ও মানবিক অধিক্ষেত্রে স্নাতক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ/সিজিপিএ ন্যূনতম ৩.৬০ (স্কেল ৪.০০ ক্ষেত্রে) হতে হবে;
(৪) চিকিৎসা বিজ্ঞান অধিক্ষেত্রে স্নাতক পরীক্ষার সর্বমোট নম্বরের মধ্যে শতকরা ন্যূনতম ৬০% নম্বর প্রাপ্ত হতে হবে। চিকিৎসা বিজ্ঞান অধিক্ষেত্রে আবেদনের সাথে স্নাতক পরীক্ষার সর্বমোট নম্বর এবং প্রাপ্ত নম্বর দিতে হবে; এবং
(৫) কোনো শিক্ষার্থী রাষ্ট্র বিরোধী, মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী কোনো কর্মকান্ডে লিপ্ত হলে বা নৈতিক স্খলনজনিত বা ফৌজদারী অপরাধে দেশে/দেশের বাইরে কোন আদালতে/প্রতিষ্ঠান কর্তৃক যে কোন প্রকার দন্ডপ্রাপ্ত হলে আবেদনের অযোগ্য বলে গণ্য হবেন।

**১০। স্কলার নির্বাচনের ক্ষেত্রে অনুসৃত পদ্ধতি:**

| ক্রম: | বিষয় | নম্বর বন্টন |
|---|---|---|
| ১. | স্নাতক/সমমান পরীক্ষার ফলাফল | ৭০ |
| ২. | কো-কারিকুলার অ্যাকটিভিটিজ (ক্যাটাগরিভিত্তিক নম্বর বন্টন সংযোজনী-২) | ১৫ |
| ৩. | মৌখিক সাক্ষাৎকার | ১৫ |
| | মোট নম্বর: | ১০০ |

**১১। অ্যাওয়ার্ড সংক্রান্ত কমিটি:**

**(১) প্রাক-বাছাই কমিটি:** "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" এর আবেদন প্রেরণের নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের জন্য ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে একটি প্রাক-বাছাই কমিটি থাকবে। ট্রাস্টের পরিচালকের নেতৃত্বে ০৩-০৫ সদস্য বিশিষ্ট কমিটি সংশ্লিষ্ট বিষয়ে দাখিলকৃত আবেদনে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাই, দ্বৈততা পরীক্ষাকরণ, যোগ্যতা নিশ্চিতকরণ, অধিক্ষেত্র চিহ্নিতকরণ এবং তুলনামূলক বিবরণ সম্বলিত তালিকা প্রণয়ন করবে।

**(২) বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১ | ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| ২ | ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩ | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫ | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭ | বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮ | পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৯ | উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**(৩) বাছাই কমিটির কার্যপরিধি:**

(ক) বাছাই কমিটি কো-কারিকুলার অ্যাকটিভিটিজের জন্য নির্ধারিত ১৫ নম্বরের ক্যাটাগরিভিত্তিক মান অনুসারে (সংযোজনী-২ অনুযায়ী) আবেদনকারীর তথ্য প্রমাণাদি যাচাই করে নম্বর প্রদান করবেন;

(খ) আবেদনকারী শিক্ষার্থীদের স্নাতক/সমমান পর্যায়ের চূড়ান্ত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের জন্য নির্ধারিত ৭০ নম্বরের মধ্যে অর্জিত নম্বর এবং কো-কারিকুলার অ্যাকটিভিটিজের জন্য প্রদত্ত নম্বর যোগ করে প্রতিটি অ্যাওয়ার্ডের জন্য সর্বোচ্চ নম্বরের ক্রম অনুযায়ী ০৩ (তিন) জন শিক্ষার্থীর তালিকা প্রণয়ন করে পরবর্তী কার্যক্রমের জন্য সুপারিশ প্রদান করবেন; এবং

(গ) বাছাই কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভায় মিলিত হবে এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো বিশেষজ্ঞকে কমিটি'র সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

**(৪) অ্যাওয়ার্ড কমিটি:**

| | | |
|---|---|---|
| ১ | সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) | সদস্য |
| ৩ | বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪ | মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬ | মহাপরিচালক (সংশ্লিষ্ট), প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ৭ | ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**(৫) অ্যাওয়ার্ড কমিটি'র কার্যপরিধি:**

(ক) বাছাই কমিটি কর্তৃক সুপারিশপ্রাপ্ত সংক্ষিপ্ত তালিকাভুক্ত শিক্ষার্থীদের সাক্ষাৎকার/উপস্থাপনা গ্রহণপূর্বক মৌখিক সাক্ষাৎকারের জন্য নির্ধারিত ১৫ নম্বরের মধ্যে প্রযোজ্য নম্বর প্রদান করবেন;

(খ) স্নাতক/সমমান পরীক্ষার ফলাফলের উপর প্রাপ্ত নম্বর, বাছাই কমিটি কর্তৃক কো-কারিকুলার অ্যাকটিভিটিজের জন্য নির্ধারিত ১৫ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর এবং মৌখিক সাক্ষাৎকারের জন্য নির্ধারিত ১৫ নম্বরের মধ্যে প্রদত্ত নম্বর যোগ করে সর্বোচ্চ নম্বরের ক্রম অনুযায়ী সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক, ব্যবসায় শিক্ষা, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, চিকিৎসা বিজ্ঞান এবং কৃষি বিজ্ঞান অধিক্ষেত্রের প্রতিটিতে ০২ (দুই) জন করে ১২ (বারো) জন এবং অবশিষ্ট ১০ (দশ) টি অধিক্ষেত্রের প্রতিটিতে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ০১ (এক) জন করে ১০ (দশ) জনসহ মোট ২২ (বাইশ) জন শিক্ষার্থীকে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" অ্যাওয়ার্ড প্রদানের জন্য নির্বাচন করবেন; এবং

(গ) অ্যাওয়ার্ড কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভায় মিলিত হবে এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো বিশেষজ্ঞকে কমিটি'র সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

**১২। বিজ্ঞপ্তি আহবান এবং আবেদন পদ্ধতি:**

(১) ন্যূনতম তিন (০৩) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক (১টি ইংরেজিসহ) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" এর দরখাস্ত আহবান করতে হবে। ট্রাস্টের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। পাশাপাশি প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রণালয়/বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর-দপ্তরসমূহের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বিজ্ঞপ্তির কপি ব্যাপক প্রচারণার জন্য সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হবে।

(২) বাংলাদেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (মাস্টার্স) শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী এ সংক্রান্ত নির্ধারিত আবেদন ছকে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" অ্যাওয়ার্ডের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ আবেদন করবেন। আবেদনপত্রের সাথে শিক্ষার্থীর ছবি, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, বিস্তারিত নম্বরপত্র, স্নাতকোত্তরে অধ্যয়নরত সপক্ষে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের প্যাডে প্রত্যয়ন এবং কো-কারিকুলার অ্যাকটিভিটিজ সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে।

(৩) আবেদন ছকে স্নাতক ভর্তি ও চূড়ান্ত পরীক্ষার বছর এবং স্নাতকোত্তর (মাস্টার্স) পর্যায়ের ভর্তির সেশন/বছর, বিষয়, রেজিস্ট্রেশন নম্বরের তথ্য সংযুক্ত করতে হবে।

**১৩। আবেদন ছক:**

নির্ধারিত আবেদন ছক ট্রাস্টের ওয়েবসাইট (www.pmeat.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে (আবেদন ছক সংযোজনী-৩, এবং ৩.ক)।

**১৪। অ্যাওয়ার্ড বিতরণ:**

মাননীয় প্রধানমন্ত্রী অথবা মাননীয় শিক্ষামন্ত্রীর সানুগ্রহ সম্মতিতে সুবিধাজনক সময়ে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

**১৫। অর্থ সংস্থান:**
ট্রাস্টের চলতি তহবিল থেকে বাজেট সংস্থান করা হবে। প্রতি অর্থবছরের জন্য মোট এক কোটি টাকার বাজেট সংস্থান থাকবে। অ্যাওয়ার্ড প্রদানের জন্য ৬৬ (ছেষট্টি) লক্ষ এবং বিজ্ঞাপন, প্রচার, ভেন্যু ভাড়া, আপ্যায়ন, সার্টিফিকেট, ক্রেস্ট, স্যুভেনির সামগ্রী আয়োজন সংক্রান্ত অন্যান্য কাজে অবশিষ্ট ৩৪ (চৌত্রিশ) লক্ষ টাকা ব্যয় হবে।

**১৬। সংশোধনী:**
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট প্রয়োজন মনে করলে এ নির্দেশিকার যে কোনো অংশ সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে। নির্দেশিকার কোনো বাক্য বা শব্দের অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে ট্রাস্ট ব্যাখা প্রদান করবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো অথবা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা ট্রাস্ট সংরক্ষণ করে।

**১৭। রহিতকরণ ও হেফাজত:-**
(১) এই নির্দেশিকা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে 'বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার' নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা, ২০২২' এতদ্বারা রহিত হইবে।
(২) অনুচ্ছেদ (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত নির্দেশিকার অধীন-
(ক) গৃহীত বা কৃত কার্যক্রম এই নির্দেশিকার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

০৪/৪/২০২৪

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২৪-৬৮

তারিখ: ২১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ।
৪. উপাচার্য/রেজিস্ট্রার, সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় (সকল)।
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, ........ (সকল)।
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৮. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা।
১০. জেলা প্রশাসক, ........ (সকল)।
১১. উপ-পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (Establishment Division-এর ০৭/১২/১৯৭৩- এর Memo no. G-II/1G-1/73-514-এর Office Memorandum মোতাবেক গেজেটে প্রকাশের জন্য)।
১২. জেলা শিক্ষা অফিসার, ........ (সকল)।
১৩. উপজেলা নিবার্হী অফিসার, ........ (সকল)।
১৪. সহকরী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ........ (সকল)।

০৪/০৪/২০২৪

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন : ০২-৫৫০০০৪২৮
ই-মেইল : ad.stipend@pmeat.gov.bd

সংযোজনী-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**'বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার' নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা, ২০২৪ এর ৬.০ নং এ বর্ণিত অ্যাওয়ার্ডের অধিক্ষেত্র: প্রতিটি অধিক্ষেত্রের বিষয়ভিত্তিক ম্যাপিং নিম্নরূপ:**

| অ্যাওয়ার্ডের অধিক্ষেত্রের বিষয়ভিত্তিক ম্যাপিং |
|---|
| **১ সামাজিক বিজ্ঞান** (Social Science) [অ্যাওয়ার্ডের সংখ্যা: ২ টি] |
| **বিষয়সমূহ:** অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান ও বাংলাদেশ স্টাডিজ, সরকার ও রাজনীতি, লোকপ্রশাসন, লোকাচার বিদ্যা, সামাজ বিজ্ঞান, সমাজকর্ম, সমাজ কল্যাণ, গণযোগাযোগ ও সাংবাদিকতা, নৃ-বিজ্ঞান, নৃতত্ত্ব, প্রত্নতত্ত্ব, আন্তর্জাতিক সম্পর্ক, টেলিভিশন, চলচ্চিত্র ও আলোকচিত্র, ক্রিমিনোলজি, ক্রিমিনোলজি ও পুলিশ সাইন্স, জনসংখ্যা বিজ্ঞান, ডেভেলপমেন্ট স্টাডিজ, সাংবাদিকতা ও মিডিয়া স্টাডিজ, বাংলাদেশ স্টাডিজ, বাংলাদেশ ও মুক্তিযোদ্ধা স্টাডিজ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন, নারী ও জেন্ডার স্টাডিজ, জেন্ডার ও উন্নয়ন অধ্যয়ন, যোগাযোগ বৈকল্য, মুদ্রণ ও প্রকাশনা অধ্যয়ন, জাপানিজ স্টাডিজ, নগর ও আঞ্চলিক পরিকল্পনা, স্থানীয় সরকার ও নগর উন্নয়ন এবং অনুরূপ বিষয়াদি। |
| **২ কলা ও মানবিক** (Arts & Humanities) [অ্যাওয়ার্ডের সংখ্যা: ২ টি] |
| **বিষয়সমূহ:** বাংলা, ইংরেজি, ইংরেজি ভাষা ও সাহিত্য, ইতিহাস, সঙ্গীত, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস ও সভ্যতা, ইতিহাস ও প্রত্নতত্ত্ব, ইসলামি শিক্ষা, দর্শন, দর্শন ও নীতিশাস্ত্র, থিয়েটার ও পারফরম্যান্স স্টাডিজ, থিয়েটার ও পরিবেশনা শিল্পকলা, মিউজিক এন্ড থিয়েটার স্টাডিজ, নৃত্যকলা, নাট্যকলা, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ফার্সি ভাষা ও সাহিত্য, ভাষাবিজ্ঞান, আধুনিক ভাষা, ভাষাবিদ্যা, সংস্কৃত, পালি, উর্দু, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা, মানবিক, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান এবং অনুরূপ বিষয়াদি। |
| **৩ ব্যবসায় শিক্ষা** (Business Studies) [অ্যাওয়ার্ডের সংখ্যা: ২ টি] |
| **বিষয়সমূহ:** মার্কেটিং, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম, ম্যানেজমেন্ট স্টাডিজ, ব্যবসায় প্রশাসন, ফিনান্স, ব্যাংকিং ও বীমা, ব্যবস্থাপনা তথ্য সিস্টেম, আন্তর্জাতিক ব্যবসা, পর্যটন ও আতিথেয়তা ব্যবস্থাপনা, সামুদ্রিক পর্যটন ও আতিথেয়তা ব্যবস্থাপনা, সংগঠন কৌশল ও নেতৃত্ব, হিসাব বিজ্ঞান ও তথ্য ব্যবস্থা এবং অনুরূপ বিষয়াদি। |
| **৪ আইন** (Law) [অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি] |
| **বিষয়সমূহ:** আইন, আইন ও বিচার, ভূমি ব্যবস্থাপনা ও আইন, আইন ও ভূমি প্রশাসন, আল-ফিকহ ও আইন এবং অনুরূপ বিষয়াদি। |
| **৫ ভৌত বিজ্ঞান** (Physical Science) [অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি] |
| **বিষয়সমূহ:** রসায়ন, প্রাণরসায়ন, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান, ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল, তাত্ত্বিক ও কম্পিউটেশনাল কেমিস্ট্রি, ফলিত রসায়ন ও কেমিকৌশল, পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান ও প্রকৌশল, নিউক্লিয়ার পদার্থ বিজ্ঞান, বস্তুবিজ্ঞান, ভূতাত্ত্বিক বিজ্ঞান, কেমিস্ট্রি ও মলিকুলার সাইন্স, বায়োমেডিকেল পদার্থবিদ্যা ও প্রযুক্তি, তাত্ত্বিক পদার্থবিজ্ঞান, পদার্থবিদ্যা ও জ্যোতির্বিদ্যা এবং অনুরূপ বিষয়াদি। |
| **৬ গাণিতিক বিজ্ঞান** (Mathematical Science) [অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি] |
| **বিষয়সমূহ:** গণিত, পরিসংখ্যান, ফলিত গণিত, ফলিত পরিসংখ্যান, পরিসংখ্যান ও তথ্য বিজ্ঞান এবং অনুরূপ বিয়াদি। |
| **৭ জীব বিজ্ঞান** (Biological Science) [অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি] |
| **বিষয়সমূহ:** মাইক্রোবায়োলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি, বায়োকেমিস্ট্রি ও মলিকুলার বায়োলজি, বায়োকেমিস্ট্রি ও মাইক্রোবায়োলজি, মলিকুলার বায়োলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, চিকিৎসা মনোবিজ্ঞান, উদ্ভিদবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, উদ্ভিদবিদ্যা ও উদ্ভিদ জীববিজ্ঞান, ক্লিনিক্যাল সাইকোলজি, ফিশারিজ, ফার্মেসী, জনস্বাস্থ্য ও তথ্যবিজ্ঞান, জনস্বাস্থ্য, বনায়ন ও কাঠ প্রযুক্তি, খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি, ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি, খাদ্য মাইক্রোবায়োলজি, বায়োকেমিস্ট্রি এবং ফুড অ্যানালাইসিস, জনসংখ্যা বিজ্ঞান ও মানব সম্পদ উন্নয়ন, মানব পুষ্টি ও ডায়েটিক্স, কমিউনিটি হেলথ এন্ড হাইজিন, নার্সিং ও স্বাস্থ্য বিজ্ঞান, এবং অনুরূপ বিষয়াদি। |

| ৮ কৃষি বিজ্ঞান (Agricultural Science) | [অ্যাওয়ার্ডের সংখ্যা: ২ টি] |
|---|---|
| **বিষয়সমূহ:** কৃষিবিদ্যা, কৃষি রসায়ন, উদ্ভিদ রোগবিদ্যা, কীটতত্ত্ব, কৃষি সম্প্রসারণ শিক্ষা, কৃষি সম্প্রসারণ ও তথ্য ব্যবস্থা, কৃষি সম্প্রসারণ ও উদ্যোক্তা উন্নয়ন, জেনেটিক্স ও উদ্ভিদ প্রজনন, উদ্যানপালন, শস্য উদ্ভিদবিদ্যা, পরিবেশ বিজ্ঞান, কৃষি উদ্ভিদবিদ্যা, বায়োকেমিস্ট্রি, কৃষি বনায়ন, বায়োটেকনোলজি, বীজ বিজ্ঞান ও প্রযুক্তি, কৃষি আবহাওয়া, কৃষি প্রকৌশল, কৃষিতত্ত্ব ও হাওড় কৃষি, ফসল উদ্ভিদ বিজ্ঞান ও চা উৎপাদন প্রযুক্তি, ফসল উদ্ভিদবিদ্যা, হাওড় ও পার্বত্য কৃষি, কৃষি অর্থনীতি, কৃষি অর্থনীতি ও পলিসি, কৃষি পরিসংখ্যান, কৃষি পরিসংখ্যান ও বায়োইনফরমেটিক্স, কৃষি ব্যবসা ও মার্কেটিং, কৃষি অর্থ, কৃষি অর্থসংস্থান ও ব্যাংকিং, উন্নয়ন ও দারিদ্র্য অধ্যয়ন, কৃষি ও গ্রামীণ উন্নয়ন, গ্রামীণ সমাজ বিজ্ঞান, ব্যবস্থাপনা ও অর্থ, সহযোগিতা ও বিপণন, কৃষি বিপণন ও ব্যবসায় ব্যবস্থাপনা, সেচ ও পানি ব্যবস্থাপনা, ফার্ম পাওয়ার এন্ড মেশিনারি, ফার্ম স্ট্রাকচার ও এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, খাদ্য প্রযুক্তি ও গ্রামীণ শিল্প, কৃষি শক্তি ও যন্ত্র, অ্যাকুয়াকালচার, জলজ প্রাণী স্বাস্থ্য ব্যবস্থাপনা, ফিশারিজ বায়োলজি এন্ড টেকনোলজি, জলজ পরিবেশ ও সম্পদ ব্যবস্থাপনা, ফিশিং পোস্ট হার্ভেস্ট টেকনোলজি, পোস্ট হার্ভেস্ট টেকনোলজি এবং মার্কেটিং, মৎস্য সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনা, মৎস্য প্রযুক্তি ও মান নিয়ন্ত্রণ, মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা, মৎস্য জীববিদ্যা ও কৌলিতত্ত্ব, সামুদ্রিক মৎস্য বিজ্ঞান, উপকূলীয় ও সামুদ্রিক মৎস্য বিজ্ঞান, অ্যানাটমি ও হিস্টোলজি, প্যাথলজি, প্যারাসিটোলজি, মাইক্রোবায়োলজি ও প্যারাসিটোলজি, ফিজিওলজি, ফার্মাকোলজি, ফার্মাকোলজি ও টক্সিকোলজি, মেডিসিন, মেডিসিন ও জনস্বাস্থ্য, ক্লিনিক্যাল ভেটেরিনারি মেডিসিন, মেডিসিন ও সার্জারি, সার্জারি ও প্রসূতি, সার্জারি ও থেরিওজেনোলজি, মাইক্রোবায়োলজি ও হাইজিন, মাইক্রোবায়োলজি ও ইমিউনোলজি, মাইক্রোবায়োলজি ও জনস্বাস্থ্য, মাইক্রোবায়োলজি ও ভেটেরিনারি পাবলিক হেলথ, দুগ্ধ বিজ্ঞান, পোল্ট্রি, প্রাণী উৎপাদন ও ব্যবস্থাপনা, প্রাণী পুষ্টি, প্রানী বিজ্ঞান ও পুষ্টি, জেনেটিক্স ও প্রজনন, জীনতত্ত্ব ও পশু প্রজনন, পশু পুষ্টি, মহামারী সংক্রান্ত বিদ্যা ও জনস্বাস্থ্য, এপিডেমিওলজি এবং প্রিভেন্টিভ মেডিসিন, এপিডেমিওলজি ও পপুলেশন মেডিসিন, কৃষি অর্থনীতি ও সামাজিক বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান ও গণিত, গণিত ও পদার্থবিদ্যা এবং অনুরূপ বিষয়াদি। | |
| **৯ সমুদ্র বিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরমাণু বিজ্ঞান (Marine/Environmental/Nuclear)** | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি]** |
| **বিষয়সমূহ:** সমুদ্রবিদ্যা, সামুদ্রিক বিজ্ঞান, মেরিটাইম আইন ও নীতি, মেরিটাইম নিরাপত্তা ও কৌশলগত অধ্যয়ন, মেরিটাইম নিরাপত্তা প্রশাসন, মেরিটাইম বিজ্ঞান, সমুদ্রবিজ্ঞান ও জলবিজ্ঞান, সামুদ্রিক মৎস্য ও জলজচাষ, মৎস্য ও সামুদ্রিক সম্পদ প্রযুক্তি, সামুদ্রিক জীববিজ্ঞান, ফিশারীজ ও মেরিন রিসোর্স টেকলোলজী, নৌ স্থাপত্য ও অফশোর প্রকৌশল, মহাসাগর প্রকৌশল, সামুদ্রিক প্রকৌশল, পোতাশ্রয় ও নদী প্রকৌশল, বন্দর ও নৌপরিবহন ব্যবস্থাপনা, পরিবহন ও লজিস্টিক ব্যবস্থাপনা, ভূমি প্রশাসন ও পানি ব্যবস্থাপনা, মৃত্তিকা, পানি ও পরিবেশ, মৃত্তিকা বিজ্ঞান, ভূতাত্তিক বিজ্ঞান, ভূগোল ও পরিবেশগত অধ্যয়ন, ভূগোল ও পরিবেশ, ভূতত্ত্ব, ভূতত্ত্ব ও খনিবিদ্যা, ভূগোল ও পানি সম্পদ ব্যবস্থাপনা, জিও তথ্য বিজ্ঞান ও পৃথিবী পর্যবেক্ষণ, জিওডেসি, ডিওম্যাটিক্স, ভূমি রেকর্ড ও রূপান্ত, দুর্যোগ বিজ্ঞান, দুর্যোগ ব্যবস্থাপনা, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, ইমারজেন্সি ম্যানেজমেন্ট, আবহওয়া, পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ বিজ্ঞান, পরিবেশ ও বস্তুবিদ্যা, বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান, পরিবেশ ও সম্পদ ব্যবস্থাপনা, পরিবেশগত স্যানিটেশন, পারমাণবিক প্রকৌশল, বিস্ফোরক প্রকৌশল, নিউক্লিয়ার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার টেকনোলজি এবং অনুরূপ বিষয়াদি। | |
| **১০ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology)** | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ২ টি]** |
| **বিষয়সমূহ:** ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিযোগাযোগ প্রকৌশল, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, রাসায়নিক ও খাদ্য প্রক্রিয়া প্রকৌশল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেটারিয়ালস সাইন্স এন্ড টেকনোলজি, লেদার ইঞ্জিনিয়ারিং, ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং, পানি সম্পদ প্রকৌশল, স্থাপত্য, নৌ স্থাপত্য ও মেরিন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ প্রকৌশল, পদার্থ ও ধাতব প্রকৌশল, গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং, ন্যানোমেটেরিয়ালস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং, জৈব চিকিৎসা প্রকৌশল, ডিজাস্টার ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, শক্তি বিজ্ঞান ও প্রকৌশল, পদার্থবিদ্যা ও মেকালিক্যাল ইঞ্জিনিয়ারিং, পানি ও পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও টেকসই গবেষণা, এনার্জি ইঞ্জিনিয়ারিং, ইনস্টিটিউট অফ লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি এবং অনুরূপ বিষয়াদি। | |
| **১১ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (Textile Engineering)** | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি]** |
| **বিষয়সমূহ:** ইয়ার্ন ইঞ্জিনিয়ারিং, ফ্যাব্রিক ইঞ্জিনিয়ারিং, ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং, ডাইজ এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ফ্যাশন ও ডিজাইন, টেক্সটাইল মেশিনারি ডিজাইন ও মেইনটেনেন্স এবং অনুরূপ বিয়াদি। | |

| | |
|---|---|
| **১২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি** (Information and Communication Technology /Emerging Technology) | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি]** |
| **বিষয়সমূহ:** তথ্য বিজ্ঞান ও যোগাযোগ প্রকৌশল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ন্যানো টেকনোলজি, সফটওয়্যার ও নেটওয়ার্কিং কৌশল, তথ্য ব্যবস্থাপনা, রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স এন্ড ইন্ড্রাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, নিয়ন্ত্রণ প্রকৌশল ও মেকাট্রনিক্স, বিমান রক্ষণাবেক্ষণ প্রকৌশল, মহাকাশ সিস্টেম ইঞ্জিনিয়ারিং, মহাকাশ যোগাযোগ ও নেভিগেশন প্রযুক্তি, এভিওনিক্স, মহাকাশ প্রকৌশল, এভিয়েশন অপারেশনস ম্যানেজমেন্ট, এভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন, বায়ু ও মহাকাশ আইন, রিমোট সেন্সিং ও জিআইএস ইনস্টিটিউট এবং অনুরূপ বিষয়াদি। | |
| **১৩ শিক্ষা ও উন্নয়ন** (Education & Development) | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি]** |
| **বিষয়সমূহ:** শিক্ষা ও গবেষণা, শিক্ষা বিভাগ এবং অনুরূপ বিষয়াদি। | |
| **১৪ চিকিৎসা বিজ্ঞান** (Medical science) | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ২ টি]** |
| **বিষয়সমূহ:** এমডি, এমএস | |
| **১৫ চারু ও কারু** (Fine Arts) | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি]** |
| **বিষয়সমূহ:** অঙ্কন ও চিত্রায়ন, চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র, গ্রাফিকস ডিজাইন, ভাস্কর্য, মৃৎশিল্প ও ভাস্কর্য, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস, কারুশিল্প, শিল্পকলার ইতিহাস, প্রাচ্য শিল্প, সিরামিক, প্রিন্ট মেকিং, মুদ্রণ তৈরি, চারুকলা এবং অনুরূপ বিষয়াদি। | |
| **১৬ ধর্মীয় শিক্ষা** (Religious Studies) | **[অ্যাওয়ার্ডের সংখ্যা: ১ টি]** |
| **বিষয়সমূহ:** আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ্ এন্ড ইসলামিক স্টাডিজ, আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ, ইসলাম শিক্ষা ও গবেষণা, বিশ্বধর্ম, কামিল এবং অনুরূপ বিষয়াদি। | |

সংযোজনী-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
**বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯**
www.pmeat.gov.bd

"বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা ২০২৪ ভুক্ত কো-কারিকুলার অ্যাকটিভিটিজের জন্য ক্যাটাগরি নির্ধারণ এবং নির্ধারিত ১৫ নম্বরের ক্যাটাগরিভিত্তিক বন্টন নিম্নে প্রদান করা হলো:

| ক্রমিক | ক্যাটাগরি | স্তর | নম্বর বিভাজন |
|---|---|---|---|
| ১. | গবেষণা (মূল/সহযোগী/একক/যৌথ) | জাতীয়/আন্তর্জাতিক | ৪ |
| ২. | উদ্ভাবন ও প্রতিভা অন্বেষণমূলক কর্মকান্ড (গণিত,পদার্থ ওবিভিন্ন অলিম্পিয়াড/ভাষা বিষয়ক/ প্রোগ্রামিং বিষয়ক/ ব্যবসা উদ্যোক্তা বিষয়ক/অন্যান্য) | জাতীয়/আন্তর্জাতিক | ৩ |
| ৩. | পত্রিকায়/সম-সাময়িকি/প্রবন্ধ লেখন/বই প্রকাশ | জাতীয়/আন্তর্জাতিক | ২ |
| ৪. | সেমিনার | জাতীয়/আন্তর্জাতিক | ২ |
| ৫. | স্বেচ্ছাসেবা/জনসেবা/জনসচেতনতামূলক কর্মকান্ড (স্কাউট, গার্লস গাইড/ বিএনসিসি/রক্তদান/ অন্যান্য) | জাতীয়/জেলা/উপজেলা/স্থানীয় | ১ |
| ৬. | খেলাধুলা | উপজেলা/জেলা/কলেজ/বিশ্ববিদ্যালয়/জাতীয়/ আন্তর্জাতিক | ১ |
| ৭. | সাহিত্য সাংস্কৃতিক কর্মকান্ড (অভিনয়/নাটক/গান/নৃত্য/আবৃত্তি/বিতর্ক/ বক্তৃতা/ছবি আকাঁ/পেপার ডিজাইন/অন্যান্য) | উপজেলা/জেলা/কলেজ/বিশ্ববিদ্যালয়/জাতীয়/আন্তর্জাতিক | ২ |
| | | **সর্বমোট নম্বর** | **১৫** |

ক্যাটাগরিসমূহে নির্ধারিত নম্বর উক্ত ক্যাটাগরির সর্বোচ্চ নম্বর হিসেবে বিবেচিত হবে। সংশ্লিষ্ট কমিটি উক্ত ক্যাটাগরিভিত্তিক নম্বর প্রদানে নির্ধারিত নম্বরের মধ্যবর্তী যে কোন নম্বর বিবেচনা করতে পারবেন।

৬২৭

সংযোজনী-৩

দুই কপি সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

# "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রাপ্তির আবেদন ছক-২০২৩

আবেদনের অধিক্ষেত্র এবং বিষয় (বিষয়ভিত্তিক ম্যাপিং অনুযায়ী): ...............

ক্রমিক সংখ্যা: (পিএমইএটি কর্তৃক পূরণীয়): ...............

## ক) ব্যক্তিগত ও পারিবারিক তথ্য:

১. আবেদনকারীর নাম (বাংলায়): ...............

২. ইংরেজিতে (IN BLOCK LETTERS): ...............

৩. পিতার নাম: ...............

৪. মাতার নাম: ...............

৫. লিঙ্গ: ☐ পুরুষ ☐ মহিলা ☐ অন্যান্য (√ দিন)

৬. জন্ম তারিখ: ............... জাতীয় পরিচয়পত্র নম্বর: ...............

৭. ফোন/মোবাইল নম্বর: ............... ই-মেইল : ...............

৮. জাতীয়তা: ...............

**৯. ঠিকানা:**

(ক) বর্তমান: ...............

...............

(খ) স্থায়ী: ...............

...............

## (খ) শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য:

**১০. স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা সংক্রান্ত তথ্য:**

**স্নাতক এর তথ্যাবলি**

ক) শিক্ষা প্রতিষ্ঠানের নাম: ...............

খ) অনুষদ: ...............

গ) বিভাগ/বিষয়: ...............

ঘ) সেশন (ভর্তির বছর): ...............

ঙ) রেজিস্ট্রেশন নম্বর: ...............

চ) পরীক্ষার রোল: ...............

ছ) স্নাতক চূড়ান্ত পরীক্ষা পাশের বছর: ...............

**স্নাতকোত্তর এর তথ্যাবলি**

ক) শিক্ষা প্রতিষ্ঠানের নাম: ...............

খ) অনুষদ: ...............

গ) বিভাগ/বিষয়: ...............

ঘ) সেশন (ভর্তির বছর): ...............

ঙ) রেজিস্ট্রেশন নম্বর: ...............

চ) শ্রেণি রোল: ...............

**১১. শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সকল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি অবশ্যই সংযুক্ত করতে হবে):**

**ক. স্নাতক ও সমমান পরীক্ষার তথ্য (সকল তথ্য আবশ্যিকভাবে পূরণ করতে হবে)**

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয় | বিভাগ/ বিষয় | পরীক্ষার মোট নম্বর এবং মোট নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর | | প্রাপ্ত জিপিএ/সিজিপিএ এবং শতকরা হার | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট নম্বর | প্রাপ্ত নম্বর | জিপিএ/সিজিপিএ | শতকরা হার |
| স্নাতক/সমমান | | | | | | | | |

**খ. এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার তথ্য (জিপিএ ৫.০০ আবশ্যিক)**

| পরীক্ষার নাম | পরীক্ষার সাল | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয় | বিভাগ/বিষয় | জিপিএ |
|---|---|---|---|---|---|
| এইচএসসি/সমমান | | | | | |
| এসএসসি/সমমান | | | | | |

**(গ) কো-কারিকুলার অ্যাকটিভিটিজ ও অন্যান্য বিষয়:**

১২. কো-কারিকুলার অ্যাকটিভিটিজ'র বিবরণ (সনদের সত্যায়িত অনুলিপি অবশ্যই সংযুক্ত করতে হবে): প্রতিটি ক্ষেত্রে সংক্ষিপ্ত শিরোনামসহ অর্জনের বছর ও অবস্থান উল্লেখ করতে হবে **(নির্ধারিত ছক অনুযায়ী অবশ্যই কম্পিউটরে লিপিবদ্ধ/টাইপ করে সংযুক্ত করতে হবে। সংযোজনী ৩(ক) অনুযায়ী ক্যাটাগরিভিত্তিক প্রয়োজনে একাধিক পৃষ্ঠা ব্যবহার করা যাবে)**..................................................................................................................................

১৩. প্রার্থী সম্পর্কে তথ্য প্রদানে সক্ষম এমন দু'জন শিক্ষক/গবেষক/বিশিষ্ট ব্যক্তি/চাকুরিজীবী সংক্রান্ত তথ্য:

| ১ম রেফারেন্স | ২য় রেফারেন্স |
|---|---|
| নাম:.............................................................................. | নাম:.............................................................................. |
| পদবি:.............................................................................. | পদবি:.............................................................................. |
| কর্মস্থল:.............................................................................. | কর্মস্থল:.............................................................................. |
| টেলিফোন/মোবাইল নম্বর:................................................. | টেলিফোন/মোবাইল নম্বর:.............................................. |
| ই-মেইল:.............................................................................. | ই-মেইল:.............................................................................. |

১৪. এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে,

নাম:..................................................................................................................................................

বিশ্ববিদ্যালয়:......................................................,বিভাগ/বিষয়:...............................................................স্নাতকোত্তরে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী।

তারিখ:...................................

............................
আবেদনকারীর স্বাক্ষর

..........................................................................
শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর (নাম যুক্ত সীলসহ)

**বিশেষ দ্রষ্টব্য:**

ক) সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত তথ্য প্রদানের প্রয়োজন হলে পৃথক কাগজে টাইপ করে স্বাক্ষরসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

খ) ৩ (তিন) সেট স্বাক্ষরিত আবেদনপত্র জমা দিতে হবে।

গ) আবেদন ছকে সংশ্লিষ্ট সকল অংশে প্রযোজ্য তথ্য অবশ্যিকভাবে দিতে হবে।

ঘ) আবেদন অবশ্যই আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। স্বাক্ষরবিহীন/আবেদনকারী ব্যতিত অন্য ব্যক্তি দ্বারা স্বাক্ষরিত আবেদন বিবেচনা করা হবে না।

ঙ) আবেদনের শেষ তারিখ পর্যন্ত স্নাতকোত্তরে অধ্যয়নরত থাকতে হবে। স্নাতকোত্তর শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে গণ্য হবে।

সংযোজনী-৩(ক)

শিক্ষার্থীর নাম :
বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার আবেদনের অধিক্ষেত্র:

**কো-কারিকুলার অ্যাকটিভিটিজের সংক্ষিপ্ত বিবরণ ছক (প্রতিটি সনদের সত্যায়িত অনুলিপি অবশ্যই সংযুক্ত করতে হবে):**

**ক. ক্যাটাগরি: গবেষণা**

| ক্রম | শিরোনাম/টাইটেল | অবদান (মূল/সহযোগী/যৌথ) | মুদ্রনকারী/প্রকাশকারীর জার্নাল/অনলাইন পোর্টালের নাম | পর্যায় (আঞ্চলিক/জাতীয়/আর্ন্তজাতিক) | প্রকাশের নাম | রেটিং | *প্রমাণক (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | | |
| ২. | | | | | | | |
| ৩. | | | | | | | |

**খ. ক্যাটাগরি: উদ্ভাবন ও প্রতিভা অন্বেষণমূলক কর্মকান্ড (গণিত,পদার্থ ওবিভিন্ন অলিম্পিয়াড/ভাষা বিষয়ক/ প্রোগ্রামিং বিষয়ক/ ব্যবসা উদ্যোক্তা বিষয়ক/অন্যান্য)**

| ক্রম | প্রতিযোগীতা/কর্মসূচি/কর্মকান্ডের নাম | আয়োজনকারী সংস্থা/ প্রতিষ্ঠানের নাম | পর্যায় (জাতীয়/আর্ন্তজাতিক) | অংশগ্রহণের সাল | অর্জন/ ফলাফল | *প্রমাণক (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |

**গ. ক্যাটাগরি: পত্রিকায়/সম-সাময়িকি/প্রবন্ধ লেখন/বই প্রকাশ**

| ক্রম | শিরোনাম | আয়োজক/প্রকাশক/পত্রিকার নাম | পর্যায় (জাতীয়/আর্ন্তজাতিক) | প্রকাশের সাল ও তারিখ | *প্রমাণক (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |

**ঘ. ক্যাটাগরি: সেমিনার**

| ক্রম | শিরোনাম | অবদান (মূল প্রবন্ধ উপস্থাপক/ আলোচক/অংশগ্রহণকারী/আয়োজক) | আয়োজনকারী সংস্থা/ প্রতিষ্ঠানের নাম | আয়োজনের পর্যায় (জাতীয়/আর্ন্তজাতিক) | সাল | *প্রমাণক (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. | | | | | | |

**ঙ. ক্যাটাগরি: স্বেচ্ছাসেবা/জনসেবা/জনসচেতনতামূলক কার্যক্রম (স্কাউট, গার্লস গাইড/ বিএনসিসি/রক্তদান/ অন্যান্য)**

| ক্রম | কার্যক্রমের নাম | প্রতিষ্ঠানের নাম | অংশগ্রহণের পর্যায় (স্থানীয়/উপজেলা/জেলা/ কলেজ/বিশ্ববিদ্যালয় জাতীয়/আর্ন্তজাতিক) | অংশগ্রহণের সাল | *প্রমাণক (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |

**চ. ক্যাটাগরি: খেলাধুলা**

| ক্রম | খেলার নাম | আয়োজনকারী সংস্থা/ প্রতিষ্ঠানের নাম | অংশগ্রহণের পর্যায় (স্থানীয়/উপজেলা/জেলা/ কলেজ/বিশ্ববিদ্যালয় জাতীয়/আর্ন্তজাতিক) | অংশগ্রহণের সাল | অবস্থান/ অর্জন | *প্রমাণক (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |

**ছ. ক্যাটাগরি: সাহিত্য-সাংস্কৃতিক কর্মকান্ড (অভিনয়/নাটক/গান/নৃত্য/আবৃত্তি/বিতর্ক/বক্তৃতা/ছবি আঁকা/পেপার ডিজাইন/অন্যান্য)**

| ক্রম | নাম | আয়োজনকারী সংস্থা/ প্রতিষ্ঠানের নাম | অংশগ্রহণের পর্যায় (স্থানীয়/উপজেলা/জেলা/ কলেজ/বিশ্ববিদ্যালয় জাতীয়/আর্ন্তজাতিক) | অংশগ্রহণের সাল | অর্জন/স্থান | *প্রমাণক (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |

*প্রমাণক এর ক্ষেত্রে "না" হলে কারণ বর্ণনা করতে হবে।